# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭১৭

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ যেই হাদীস শ্রোতাকে এই সংশয়ে ফেলে দেয় যে, হাদীসের বাহ্যিক অর্থ ব্যবহার করা যাবে না; বরং বাহ্যিক বক্তব্যের মাঝে এর স্বরুপ লুকায়িত রয়েছে

## ذِكْرُ خَبَرٍ أُوهِمَ مُسْتَمِعُهُ أَنَّ الْأَلْفَاظَ الظَّوَاهِرَ لَا تُطْلَقُ بِإِضْمَارِ كَيْفِيَّتِهَا فِي ظَاهِرِ الْخِطَابِ

আরবী

3717 - أَخْبَرَنَا حَامِدُ بْنُ مُحَمَّدِ بْنِ شُعَيْبٍ الْبَلْخِيُّ حَدَّثَنَا الْقَوَارِيرِيُّ حَدَّثَنَا حَرَمِيُّ بْنُ عُمَارَةَ حَدَّثَنَا قُرَّةُ بْنُ خَالِدٍ عَنْ قَتَادَةَ عَنْ أَنَسٍ قَالَ: نَظَرَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم إِلَى أُحُدٍ وَقَالَ: (إِنَّ أُحُداً جبلٌ يُحِبُّنا ونُحِبُّهُ)

الراوي : أَنَس | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3717 | خلاصة حكم المحدث: صحيح - ((تخريج فقه السيرة)) (291): ق.

قَالَ أَبُو حَاتِمٍ: قَوْلُهُ صلى الله عليه وسلم: (جَبَلٌ يُحِبُّنَا وَنُحِبُّهُ) يُرِيدُ: أَهْلَ الْجَبَلِ كَقَوْلِهِ جَلَّ وَعَلَا: {وَأُشْرِبُوا فِي قُلُوبِهِمُ الْعِجْلَ بِكُفْرِهِمْ} [البقرة: 93] يُرِيدُ حُبَّ الْعِجْلِ وَكَقَوْلِهِ جَلَّ وَعَلَا: {وَاسْأَلِ الْقَرْيَةَ} [يوسف: 82] يُرِيدُ بِهِ أَهْلَ الْقَرْيَةِ وَالْقَصْدُ فِيهِ: أَهْلُ الْمَدِينَةِ فَأَطْلَقَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم خِطَابَ الْمَقْصُودِ بِهِ الْمَدِينَةَ عَلَى الْجَبَلِ الَّذِي هُوَ أُحُدٌ عَلَى سَبِيلِ الْمُقَارَبَةِ بَيْنَهُمَا وَالْمُجَاوَرَةِ.

বাংলা

৩৭১৭. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম উহুদ পাহাড়ের দিকে তাকান এবং বলেন, “নিশ্চয়ই উহুদ পাহাড় আমাদের ভালবাসেন আর আমরাও তাকে ভালবাসি।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বাণী, “নিশ্চয়ই উহুদ

পাহাড় আমাদের ভালবাসেন আর আমরাও তাকে ভালবাসি।” এর দ্বারা উদ্দেশ্য হলো পাহাড়ের অধিবাসী। যেমন: আল্লাহর বাণী,وَأُشْرِبُوا فِي قُلُوبِهِمُ الْعِجْلَ بِكُفْرِهِمْ (তাদের অন্তরে গোবৎস (পুজা) ঢেলে দেওয়া হয়েছিল তাদের কুফরির কারণে।–সূরা বাকারাহ: ৯৩)।” অর্থাৎ গোবৎস পুজা প্রীতি। অনুরুপভাবে আল্লাহর বাণী, وَاسْأَلِ الْقَرْيَةَ {আপনি জনপদকে (এর অধিবাসীকে) জিজ্ঞেস করুন।–সূরা: ইউসূফ: ৮২}। এর দ্বারা উদ্দেশ্য হলো জনপদের অধিবাসী। আর হাদীসের শব্দ দ্বারা উদ্দেশ্য হলো মাদীনাবাসী। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বক্তব্যে মদীনা বুঝানোর ক্ষেত্রে উহুদ পাহাড় ব্যবহার করেছেন। যেহেতু উভয়টি পাশাপাশি ও কাছাকাছি।”

## ফুটনোট

[1] সহীহ মুসলিম: ১৩৯৩; আবূ ইয়ালা: ৩১৩৯; মুসনাদ আহমাদ: ৩/১৪০; সহীহুল বুখারী: ৪০৮৩; মুয়াত্তা ইমাম মালিক: ২/৮৮৯; মুসান্নাফ আব্দুর রাযযাক: ১৭১৭০; তিরমিযী: ৭৩৩৩; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৮২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (তাখরীজু ফিকহিস সীরাহ: ২৯১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=93054

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন